৫০ দিন পর মেহেরপুরে করোনায় একজনের মৃত্যু

৫০ দিন পর মেহেরপুরে করোনা আক্রান্ত হয়ে মহাসিন আলী (৬৫) একজনের মৃত্যু হয়েছে। তিনি মেহেরপুর সদর উপজেলার আশরাফপুর গ্রামের বাসিন্দা। দীর্ঘ ১৫দিন ধরে তিনি মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। আজ শনিবার ভোরে তিনি চিকিৎসাধীন অবস্থায় মারা যান। এর আগে মেহেরপুরে সবশেষ গত ২৮ অক্টোবর করোনায় আক্রান্ত হয়ে মৃতবরণের ঘটনা ঘটেছিলো। এ নিয়ে মেহেরপুর জেলায় করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করলেন ১৮৩ জন।

মেহেরপুর ২৪ ঘন্টায় করোনায় আরো ৩ জনের মৃত্যু

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় করোনায় আক্রান্ত হয়ে নতুন ৩ জন মারা গেছেন। তারা হলেন, শহরের বড়বাজারের মাহফুজুর রহমান (৫৩), সদর উপজেলার আমঝুপি গ্রামের গোলাম মোস্তফা (৭০) এবং গাংনী উপজেলার জোড়পুকুরিয়া গ্রামের মারুফ হোসেন (৪০)।

মেহেরপুরের স্বাস্থ্য বিভাগ এ তথ্য নিশ্চিত করেছে। গতকাল রবিবার সকাল ৮টা থেকে আজ সোমবার সকাল ৮টা পর্যন্ত দেওয়া তথ্যে মৃত্যুর বিষয়টি নিশ্চিত হয়েছে। এদের মধ্যে গোলাম মোস্তফা ৬দিন, মারুফ হোসেন ১২ এবং মাহফুজুর রহমান ১১ দিন ধরে মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

এনিয়ে মেহেরপুরে ১৬৪ জনের মৃত্যু হলো। এর মধ্যে সদর উপজেলায় ৭৯,গাংনীতে ৫৫ এবং মুজিবনগরে ৩৯ জন।

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় করোনায় নতুন ২ জনের মৃত্যু

মেহেরপুরে গত ২৪ ঘন্টায় করোনায় আক্রান্ত হয়ে নতুন দুই জন মারা গেছেন। তারা হলেন মুজিবনগর উপজেলার গৌরিনগর গ্রামের ফয়েজ উদ্দীন
(৮০) এবং জয়পুর গ্রামের রহিমা খাতুন (৬০)।

মেহেরপুরের স্বাস্থ্য বিভাগ এ তথ্য নিশ্চিত করেছে। গতকাল শুক্রবার সকাল ৮টা থেকে আজ শনিবার সকাল ৮টা পর্যন্ত দেওয়া তথ্যে মৃত্যুর বিষয়টি নিশ্চিত হয়েছে। এদের মধ্যে ফয়েজ উদ্দীন গত ১১ আগস্ট এবং রহিমা খাতুন ৪ আগস্ট করোনা আক্রান্ত হন। তারা দুজনেই মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন।

এনিয়ে মেহেরপুরে ১৫৮ জনের মৃত্যু হলো। এর মধ্যে সদর উপজেলায় ৭৬,গাংনীতে ৫৩ এবং মুজিবনগরে ৩৮ জন।

করোনায় এক দিনে ২৪৬ জনের মৃত্যু, শনাক্ত ১৬ হাজার

মারণভাইরাস করোনায় আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরো ২৪৬ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে করোনায় দেশে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ২১ হাজার ১৬২ জনে। এ ছাড়া নতুন করে শনাক্ত হয়েছেন ১৫ হাজার ৯৮৯ জন। এ নিয়ে দেশে মোট শনাক্তের সংখ্যা বেড়ে দাঁড়াল ১২ লাখ ৮০ হাজার ৩১৭ জনে।

আজ সোমবার (২ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো করোনাবিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

এর আগে, দেশে করোনার ইতিহাসে একদিনে সর্বোচ্চ ২৫৮ জনের মৃত্যু হয় ২৭ জুলাই। এছাড়াও ১১ জুলাই ২৩০ জন, ১২ জুলাই ২২০ জন, ১৩ জুলাই

২০৩ জন, ১৪ জুলাই ২১০ জন, ১৫ জুলাই ২২৬ জন, ১৬ জুলাই ১৮৭ জন, ১৭ জুলাই ২০৪ জন, ১৮ জুলাই ২২৫ জন, ১৯ জুলাই ২৩১ জন, ২০ জুলাই ২০০ জন, ২১ জুলাই ১৭৩ জন, ২৬ জুলাই ২৪৭ জন, ২৮ জুলাই ২৩৭ জন, ২৯ জুলাই ২৩৯ জন, ৩০ জুলাই ২১২ জন এবং ৩১ জুলাই ২১৮ জনের মৃত্যু হয়।

সূত্র: কালের কণ্ঠ অনলাইন

মেহেরপুরে একদিনে করোনায় ছয় জনের মৃত্যু (আপডেট)

মেহেরপুরে করোনায় আক্রান্ত হয়ে একদিনে ছয় জনের মৃত্যু হয়েছে। ছয় জনই মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন।
রবিবার ভোরে জেনারেল হাসপাতালের করোনা ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় মেহেরপুর সদর উপজেলার উজলপুর গ্রামের মেরিনা খাতুন (৩৫), মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের নজরুল ইসলাম (৫৫), সকাল ১০টার দিকে ও চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা এলাকার রোকনের স্ত্রী রিনা খাতুন (৪৫), এবং দুপুর ২টার দিকে মুজিবনগরের মহাজনপুর গ্রামের জহুরা খাতুন (৯০) মারা যান। একই দিন বিকেলে সদর উপজেলার আশরাফপুর গ্রামের মোহন আলী (৬০) ও মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামের আব্দুল গফুর (৭০), মারা যান। এ নিয়ে জেলাতে করোনায় মেহেরপুরে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়ালো ৪৬ জনে।

মেহেরপুর জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) মকলেছুর রহমান জানান, এই প্রথম একদিনে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ছয় জন মারা গেলেন। অধিকাংশ রোগী সঙ্কটাপন্ন অবস্থায় হাসপাতালে ভর্তি হচ্ছেন। হাসপাতালে অক্সিজেনের কোন ঘাটতি নেই। কিন্তু সচেতনতার অভাবে শেষ সময়ে রোগীদের ভর্তি করাচ্ছেন। যাদের অক্সিজেন স্যাচুরেশন ৩০ থেকে ৪০ নেমে গেছে। ফলে চিকিৎসকদের করণীয় কিছুই থাকছে না।

[redacted]

[redacted]